# বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন

## দূর-শিক্ষাকেন্দ্র

## এক-বৎসরকালীন বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

## হোম অ্যাসাইনমেন্ট – ২০২৫

একমাত্র ৮ম ব্যাচের (শিক্ষাবর্ষ : ২০২৪ – ২০২৫) শিক্ষার্থীদের জন্য

## প্রথম ষান্মাসিক (১ম পত্র) : বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান : ২০ | উত্তরপত্র জমা দেওয়ার শেষ তারিখ:

**উত্তরণ : ১০** | **৩০ এপ্রিল ২০২৫**

**পরীক্ষার্থীদের উত্তরগুলো নিজ হাতে নিজস্ব ভাষায় লিখতে হবে।**
**মূল পাঠ্যবই থেকে সরাসরি লিখে দিলে নম্বর কাটা যাবে।**

**১। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন :** ২ x ২ = ৪

ক) বাংলা ভাষার উদ্ভব কত শতকে ? বাংলা ভাষাটি কোন ভাষা পরিবারের অন্তর্ভুক্ত?

খ) পৃথিবীতে কত কোটি মানুষের মুখের ভাষা বাংলা? পৃথিবীতে প্রচলিত ভাষাগুলোর মধ্যে বাংলার স্থান কত ?

গ) বাঙালি বলতে কাদের বোঝায় ? - সংক্ষেপে লিখুন।

**২। সংক্ষেপে দু'টি প্রশ্নের উত্তর লিখুন :** ২ x ২ = ৪

ক) চর্যাপদ পুথিটি কে, কবে, কোথায় আবিষ্কার করেন ?

খ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসটির লেখক কে? এই উপন্যাসটির বিষয়বস্তু সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

গ) চর্যাপদের ভাষাকে কী ভাষা বলা হয় ? এই পদের দু'জন পদকর্তার নাম লিখুন।

**৩। উত্তর লিখুন (যে কোনও দু'টি) :** ২ x ২ = ৪

ক) তুর্কি আমলে প্রকাশিত সাহিত্যকে কী সাহিত্য বলা হয় ? উদাহরণসহ লিখুন।

খ) প্রাক-চৈতন্য যুগে বাংলায় কী ধরনের সাহিত্য সৃষ্টি হয়? ওই যুগের দু'জন কবির নাম লিখুন।

গ) সুরে পাঠ করা কবিতাকে কী বলা হয় ? অষ্টাদশ শতাব্দীর দু'জন কবিয়ালের নাম লিখুন। বাংলার কবিয়ালদের জীবনী কে সংগ্রহ করেছিলেন?

**৪। উত্তর লিখুন :** ১ x ৪ = ৪

ক) শাক্ত পদাবলি বলতে কী বোঝায় ?

খ) গীতাঞ্জলি কবে প্রকাশিত হয় ?

গ) বাংলা কাব্যে আধুনিক যুগের সূচনা কবে হয় ?

ঘ) বাংলা ভাষার তৃতীয় ভুবন বলতে কোন অঞ্চলকে বোঝায় ?

**৫। উত্তর লিখুন :** ১ x ৪ = ৪

ক) বাংলার কোন কোন লৌকিক শিল্পের মধ্যে নাট্য উপাদান ছিল ?

খ) মাইকেল মধুসূদন দত্ত রচিত দুটি নাটকের নাম লিখুন।

গ) বাংলা ভাষায় উপন্যাসের আত্মপ্রকাশের সূচনা কবে হয়েছিল? এতে কোন সাহিত্য ঐতিহ্যের প্রভাব আছে ?

ঘ) কথাসাহিত্যে ছোটগল্প বলতে কী বোঝায় ? বাংলায় ছোটগল্পের প্রথম পর্বের সার্থক লেখক কে ?